



বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ

Bangladesh Land Port Authority

এফ ১৯/এ, শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকা

আগারগাঁও, ঢাকা-১২০৭।

www.bsbk.gov.bd

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) সংক্রান্ত

৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন (এপ্রিল-জুন/২০২৩)

সংস্থার নাম	মোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ	০১ (এপ্রিল, ২০২৩ মাসে)	০১	<p>জনাব মাহমুদুল হাসান (মোবাইল- ০১৭৩৩৩০৮১৫৬) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা বরাবর একটি অভিযোগ দাখিল করেছেন, যার ট্র্যাকিং নং- ১৭৩৩৩০৮১৫৬০০০১; তারিখ-১৩-০৪-২০২৩। অভিযোগে উল্লেখ করা হয় যে, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক গত ১২/০৪/২০২৩ তারিখের ২০১ নং স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। কিন্তু উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২/০৯/২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯ নং স্মারকে জারিকৃত পত্রানুসারে সরাসরি নিয়োগের লক্ষ্যে ৩০-০৬-২০২৩ তারিখ পর্যন্ত প্রকাশিতব্য বিজ্ঞপ্তিতে প্রার্থীদের বয়সের শিথিলতা যথাযথভাবে অনুসরণ করা হয়নি। দাখিলকৃত অভিযোগের বিষয়ে কর্তৃপক্ষের সহকারী পরিচালক (ট্রাফিক) জনাব শাকিলা সুলতানা পলি' র মতামত প্রদানের জন্য তার নিকট প্রেরণ করা হলে তিনি মতামত প্রদান করেন এবং অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা তা পর্যালোচনা করেন।</p> <p>“জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২/০৯/২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯ নং স্মারকে জারিকৃত পত্রে সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে, “যে সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর এবং সংবিধিবদ্ধ/স্বায়ত্তশাসিত/জাতীয়কৃত প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন ক্যাটাগরির সরকারি চাকরিতে (বিসিএস ব্যতীত) সরাসরি নিয়োগের লক্ষ্যে কোভিড-১৯ পরিস্থিতির কারণে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে পারেনি, সে সকল দপ্তর/প্রতিষ্ঠান এর ৩০/০৬/২০২৩ তারিখ পর্যন্ত প্রকাশিতব্য বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদে আবেদনের ক্ষেত্রে প্রার্থীদের বছর ২৫/০৩/২০২০ তারিখ সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন”।</p> <p>কিন্তু বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের নিয়োগ বিজ্ঞপ্তিতে ১৩ ক্যাটাগরির ৬১টি পদে সরাসরি নিয়োগের জন্য গত ০২/০২/২০২৩ এবং ১৪/০৩/২০২৩ তারিখ প্রশাসনিক মন্ত্রণালয় (নৌপরিবহন মন্ত্রণালয়) হতে ছাড়পত্র গ্রহণ করা হয়। অর্থাৎ উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রকাশিত শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য নৌ পরিবহন মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ছাড়পত্র টি সাম্প্রতিক (২-২-২০২৩ ও ১৪-৩-২০২৩) এবং কোভিড-১৯ পরবর্তী স্বাভাবিক সময়ের। তাই জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২২-৯-২০২২ তারিখের ১৪৯ নং স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রার্থীদের বয়স শিথিলের অনুশাসন টি এক্ষেত্রে প্রযোজ্য হবেনা মর্মে প্রতীয়মান হয়। জনাব মাহমুদুল হাসান কর্তৃক দাখিলকৃত অভিযোগটি সঠিক নয় মর্মে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) বিষয়টি নিষ্পত্তি করেন।</p>	নাই

(ডি এম আতিকুর রহমান)

পরিচালক (প্রশাসন)

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত

ফোকাল পয়েন্ট কর্মকর্তা (অনিক)

E-mail: directoradmin@bsbk.gov.bd